

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ সেলিম রেজা

ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর।

স্থান : ভাইস চেয়ারম্যান, ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর-এর কার্যালয়
ঝিকরগাছা, যশোর।

তারিখ : ৩০/০৬/২০২২ইং সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট ক

ক্রমিক নং	আলোচ্যবিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সভায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন -২০০৯ এর আলোকে ঝিকরগাছা বাজারের অবস্থান সম্পর্কে আলোচনা করা হয়। বাজার দর নিয়ন্ত্রণ ও ভেজাল মুক্ত খাদ্যদ্রব্য বাজারজাতকরণ প্রতিরোধে এ কমিটি কাজ করবে। সভায় বাজারে জনসাধারণ তাদের নিত্য প্রয়োজনীয় দ্রব্য সঠিক দামে কিনতে পারছে কিনা সেবিষয়ে আলোচনা হয়।। প্রত্যেক নাগরিকের ভোগ্যপন্য ব্যবহারের অধিকার আছে। এজন্য মুদি দোকান, মিষ্টির দোকান সহ অন্যান্য দোকানে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য তালিকা টানানোর উপর গুরুত্ব আরোপ করা হয়। ইতি পূর্বে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হয়েছে কিনা সে বিষয়ে আলোচনা হয়।	নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য তালিকা টানানোর ব্যাপারে ব্যবসায়ীদের মাঝে অনীহা দেখা যাচ্ছে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিবাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত হয়।	নিবাহী ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, যশোর।
২.	ক্ষতিকর রাসায়নিক দ্রব্য মিশ্রিত কাচা ফল ও সবজি বিক্রয় প্রাথমিক পর্যায়ে বিক্রেতাদের ক্ষতিকর রাসায়নিক দ্রব্যের কুফল সম্পর্কে সচেতন করার জন্য প্রচার চালানো হয়েছে। তারপরও কোন কোন ব্যবসায়ী কাচা ফল ও সবজিতে ক্ষতিকর রাসায়নিক দ্রব্য মিশিয়ে বিক্রি করছে মর্মে খবর পাওয়া যাচ্ছে।	নিবাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত হয়।	বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি ও নিবাহী ম্যাজিস্ট্রেট
৩	মাছ এবং মাংস বিক্রেতাদের বিক্রয় স্থল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, নিয়মিত জীবাণুনাশক প্রয়োগ এবং মাছ ও মাংস প্রক্রিয়াজাতকরণের সময় হাতে মুখে হাইজিনিক কিট ব্যবহারের উপর আলোচনা হয়।	মাছ এবং মাংস বিক্রেতাদের বিক্রয় স্থল পরিষ্কার রাখার জন্য নির্দেশনা প্রদান করা সত্ত্বেও বিক্রেতাগণ সঠিকভাবে কাজগুলো না করায় নিবাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত হয়।	বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি ও নিবাহী ম্যাজিস্ট্রেট

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণাকরেন।



মোঃ সেলিম রেজা

ভাইস চেয়ারম্যান

ঝিকরগাছা উপজেলা পরিষদ, যশোর

ও

সভাপতি


বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি

স্মারক নং- ৩৩.০১.৪১৩৮.০০০.১৬.০০১.১৯-২১৪

তারিখঃ-৩০/০৬/২০২২ইং

সদয় অবগতি জন্য প্রেরিত হলো

১. উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা, যশোর।
৩. অফিস কপি।



ডাঃ জি.এম.আব্দুল কুদ্দুস
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
বিকরগাছা, যশোর।

ও

সদস্য সচিব
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ
কমিটি